মেহেরপুরের রেডক্রিসেন্ট সোসাইটির নির্বাচন নিয়ে আইনী নোটিশ

দায়িত্বে অবহেলা ও সঙ্গোপনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের নির্বাচন-২০২৩ সম্পন্ন করার অভিযোগ তুলে আইনগত নোটিশ পাঠিয়েছেন রেহেনা খাতুন নামের এক আজীবন সদস্য। নোটিশে বিবাদি করেছেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও রেড ক্রিসেন্ট ইউনিট মেহেরপুর ইউনিটের সভাপতি মহা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি নুরুল আহমেদকে।

নোটিশে রেহেনা খাতুনের আইনজীবী সেলিম রেজা বলেন, রেহেনা খাতুন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের একজন আজীবন সদস্য। তিনি নির্বাচনের বিষয় অবগত হতে পারেননি নাই। গত ২ ডিসেম্বর ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে জানতে পারেন যে, প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ ইতিমধ্যেই নির্বাচন- ২০০৩ সম্পন্ন করেছেন।

নির্বাচন বিষয়ে আদৌ কোন প্রচার প্রচারনা বা বিজ্ঞপ্তি প্রচার করে নাই বলে তিনি অভিযোগ করেন। প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে আলোচ্য সূচিতে ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচন সংক্রান্ত আলোচনার বিষয়টি উল্লেখ থাকিলেও উল্লেখিত সাধারণ সভায় উপস্থিত হইয়া নির্বাচন সম্পন্ন হওয়ার বিষয়টি জানতে পেরে তিনি হতবাক হন।

তিনি আরো বলেন, রেহেনা খাতুন নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা থাকা সত্বেও অংশগ্রহণ করিতে পারেননি। বিবাদীগণের যোগসাজসে সম্পাদিত নির্বাচনী ফলাফল বাতিল করে নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পুনরায় তফসিল ঘোষনা পূর্বক সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি করেছেন। অন্যথায় তিনি আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।দায়িত্বে অবহেলা করে সঙ্গোপনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের নির্বাচন-২০২৩ সম্পন্ন করার অভিযোগ তুলে আইনগত নোটিশ পাঠিয়েছেন রেহেনা খাতুন নামের এক আজীবন সদস্য। নোটিশে বিবাদি করেছেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও রেড ক্রিসেন্ট ইউনিট

মেহেরপুর ইউনিটের সভাপতি মহা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি নুরুল আহমেদকে।

নোটিশে রেহেনা খাতুনের আইনজীবী সেলিম রেজা বলেন, রেহেনা খাতুন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের একজন আজীবন সদস্য। তিনি নির্বাচনের বিষয় অবগত হতে পারেননি নাই। গত ২ ডিসেম্বর ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে জানতে পারেন যে, প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ ইতিমধ্যেই নির্বাচন- ২০০৩ সম্পন্ন করেছেন। নির্বাচন বিষয়ে আদৌ কোন প্রচার প্রচারনা বা বিজ্ঞপ্তি প্রচার করে নাই বলে তিনি অভিযোগ করেন। প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে আলোচ্য সূচিতে ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচন সংক্রান্ত আলোচনার বিষয়টি উল্লেখ থাকিলেও উল্লেখিত সাধারণ সভায় উপস্থিত হইয়া নির্বাচন সম্পন্ন হওয়ার বিষয়টি জানতে পেরে তিনি হতবাক হন।

তিনি আরো বলেন, রেহেনা খাতুন নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা থাকা সত্বেও অংশগ্রহণ করিতে পারেননি। বিবাদীগণের যোগসাজসে সম্পাদিত নির্বাচনী ফলাফল বাতিল করে নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পুনরায় তফসিল ঘোষনা পূর্বক সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি করেছেন। অন্যথায় তিনি আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।

কোটচাঁদপুরে মানবাধিকার কর্মীদের উদ্যোগে খাবার বিতরণ

শিশু কাঁদে ক্ষুধার জ্বালায় আর মা কাঁদে শিশুর যন্ত্রণায়, এমনই অসহায় পথ শিশু, পাগল, প্রতিবন্ধী ও ভবঘুরে মানুষদেরকে রেল স্টেশন, বাস স্ট্যান্ড ও বাজারে খুঁজে খুঁজে শতাধিক অসহায় মানুষদের মাঝে দুপুরের খাবার বিতরণ করেছে কোটচাঁদপুর মানবাধিকার সংস্থা।

আজ রবিবার ১০ই ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে

প্রতি বছরের ন্যায় সারাদিন ব্যাপি অসহায়দের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচী চলমান ছিল।

এ সময় উপস্থিত ছিলেন মানবাধিকার মনিটরিং অগর্নাইজেশন কোটচাঁদপুর শাখার সভাপতি সাংবাদিক মোঃ রেজাউল করিম, সাধারণ সম্পাদক এ্যাড. আশরাফুল আলম মালিথা, সাংবাদিক সুব্রত কুমার, সহ সভাপতি সাংবাদিক মোস্তাফিজুর রহমান, সহ সাধারন সম্পাদক সাংবাদিক আবু সাইদ শওকত, অর্থ সম্পাদক সাংবাদিক মইন খান, দপ্তর সম্পাদক সাংবাদিক আব্দুল্লাহ বাশার, প্রচার সম্পাদক মোঃ আবুল বাশারসহ সংগঠনের অন্যান্য সদস্যরা। অভুক্ত অসহায় মানুষগুলো ও শিশুরা দুপুরের গরম খাবার পেয়ে আনন্দ প্রকাশ করেন।
তারা জানান আমাদের প্রায়ই মানবাধিকারের ভায়েরা খাবার দিয়ে থাকেন। এ বিষয়ে কথা বলা হয় সংস্থার সভাপতি মোঃ রেজাউল করিম এর সাথে।

তিনি জানান কোটচাঁদপুরে আমাদের নিজস্ব কার্যালয় রয়েছে। আমাদের শতাধিক সদস্য আছেন। আমরা রক্তদান, বৃক্ষরোপণ, মানবিক সহায়তা, বাল্য বিবাহ রোধ, গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সহযোগিতা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও সমাজে নির্যাতিত নারীদের আইনী সহায়তাসহ বহুবিদ সামাজিক ও মানবিক কার্যক্রম করে থাকি। তারই অংশ হিসেবে আন্তর্জাতিক মানবাধিকার দিবসে অসহায়দেরন মাঝে এক বেলা খাবারের ব্যবস্থা করেছি।

উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগীতা এবং সদস্যদের নিজস্ব অর্থায়নে আমাদের কার্যক্রম গুলো হয়ে থাকে। সমাজের অবহেলিত ও সুবিধা বঞ্চিত মানুষের জন্য মানবিক কাজে সবাইকে এগিয়ে আসার আহবান জানান তিনি।

মেহেরপুরের শোলমারীতে দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে অসহায় ও দুস্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ করেছে ইউনাইটেড মেডিকেল সাপোর্ট ফাউন্ডেশন।

আজ শুক্রবার (৮ ডিসেম্বর) বিকেলে মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামে নতুন পাড়া ব্যাংক এশিয়ার সামনে এ বস্ত্র বিতরণ করা হয়।

সংগঠনটির প্রতিষ্ঠাতা পরিচালক ইকবাল হোসাইনের সভাপতিত্বে ও গাজীউর রহমানের সার্বিক সহযোগিতায় শীত বস্ত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সেলিম রেজা।

এসময় তিনি বলেন, অসহায় ও দরিদ্র জনগোষ্ঠীকে শীতের তীব্রতা থেকে বাঁচাতে সমাজের বিত্তবান ও বিভিন্ন সামাজিক সংগঠনকে এগিয়ে আসতে হবে।

ইউনাইটেড মেডিকেল সাপোর্ট ফাউন্ডেশনের কাজের প্রশংসা করে তিনি আরো বলেন, সংগঠনটি যে সমাজের অসহায়,দুঃস্থ মানুষদের আস্থার জায়গায় পরিণত হয়।

সংগঠনটির সদস্য আসাদুল ইসলামের সঞ্চালনায় এ সময় প্রভাষক শামীম রেজা,আনোয়ার হোসেন, মিলন রেজা শাহরিয়ার বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিনে সংগঠনটির উদ্যোগে অসহায়, দুঃস্থ, খেটে খাওয়া ২০০ জনকে শীতবস্ত্র প্রদান করা হয়।

গাংনীর তেঁতুলবাড়ীয়ায় পিএসকেএসের স্বাস্থ্য ক্যাম্প

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়ায় পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির কার্যালয়ে সমৃদ্ধি কর্মসুচির স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রমের আওতায় বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়।

শনিবার দিনব্যাপী তেঁতুলবাড়ীয়ায় পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির কার্যালয়ে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির (পিএসকেএস) উদ্যোগে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) অর্থায়নে গাইনী, মেডিসিন ও চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা স্বাস্থ্য ক্যাম্প

অনুষ্ঠিত হয়।

স্বাস্থ্য ক্যাম্পে ইউনিয়নের ৪১ জন গাইনী, ৬১ জন মেডিসিন এবং ১৮৯ জন চক্ষু রোগীসহ ২৯১ জন রোগীকে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য কর্মকর্তা, এসডিও, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারি মোঃ জামিদুল ইসলাম, পিএসকেএসের সভাপতি রমজান আলী স্বাস্থ্য ক্যাম্পে উপস্থিত ছিলেন।

দর্শনায় কেরুর অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের কমিটি গঠন

দর্শনার ঐতিহ্যবাহী কেরু এন্ড কোম্পানি চিনিকলের অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারীদের নিয়ে কল্যান ট্রাস্ট নামের একটি কমিটি গঠন করা হয়েছে। আজ সকাল দশটায় সূর্যসেনা শ্রমজীবী সংগঠন প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে শতাধিক অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারীদের উপস্থিতিতে সংক্ষিপ্ত আলোচনায় অন্তরের গভীর কষ্টের কথা তুলে ধরে বক্তারা বলেন, জীবনের দীর্ঘ সময় চাকরি করার সূত্রে কেরু এন্ড কোম্পানিতে সময় কেটেছে।

এ সময়ের মধ্যে সহকর্মী ও শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের নির্বাচন সূত্রে বিভিন্ন সংগঠনে নেতাদের খুব আস্থাভাজন হয়ে ওঠাও সৌভাগ্য হয়েছে। কিন্তু অতি দুঃখের বিষয় চাকরি থেকে অবসর নিলে সহকর্মীসহ কোন নেতাই আর খোঁজ রাখে না। আর এটাই বাস্তবতা। একজন চাকরিজীবী অবসরে গেলে সে বড় একা হয়ে পড়ে ও শরীর থেকে শুরু করে মানসিকতাও দুর্বল হয়ে পড়ে। এ সময় সঙ্গ দেওয়ার কেউ থাকে না। এছাড়া অবসরে যাওয়ার পর বিভিন্ন ফান্ডের টাকা উত্তোলনের জন্য চরম বেগ পেতে হয়। কেউই তখন অবসরপ্রাপ্ত এ সকল শ্রমিক ও কর্মচারীদের সহযোগিতায় খুব একটা এগিয়ে আসে না। এছাড়াও সহকর্মীরা যদি একটি স্থানে এসে একসাথে বসে কিছু সময় কাটায় তাহলে মন মানসিকতা ভালো থাকবে বলে

জানাই বক্তারা। এ সকল দিক বিবেচনা করে কেরুর অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট নামের এ কমিটি গঠন করা হয়।

অবসরপ্রাপ্ত সিআইসি হাফিজুল ইসলামকে আহবায়ক করে ৯ সদস্য বিশিষ্ট কমিটিতে বাকি সদস্যরা হলেন সদস্য সচিব জুলফিকার হায়দার, সাংগঠনিক সম্পাদক শাহ আলম, দপ্তর সম্পাদক মোশাররফ হোসেন, ক্যাশিয়ার আহমদ হোসেন, কার্যকরী সদস্য আব্দুল জলিল, আব্দুল হান্নান, আতিয়ার রহমান, একরামুল হক।

মেহেরপুর পৌর ইমাম পরিষদের কমিটি গঠন

মেহেরপুর পৌর ইমাম পরিষদের আলোচনা সভা শেষে পৌর ইমাম পরিষদের কমিটি গঠন করা হয়েছে।

গতকাল (২১ নভেম্বর) সোমবার রাতে মেহেরপুর নুরানী মাদ্রাসা মিলনায়তনে আলোচনা সভা শেষে পৌর ইমাম পরিষদের কমিটি গঠন করা হয়।

মেহেরপুর জেলা ইমাম পরিষদের সভাপতি ইয়ারুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মুফতি মোহাম্মদ হাফিজুর রহমান।

হাজি রাবেয়া জামে মসজিদের ইমাম মুফতি সাদিকুর রহমানকে সভাপতি ও মুখার্জি পাড়া বাইতুল ফাতা জামে মসজিদের ইমাম হাসানুজ্জামানকে সাধারণ সম্পাদক করে ৩১ সদস্য বিশিষ্ট মেহেরপুর পৌর ইমাম পরিষদের কমিটি গঠন করা হয়।
কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি গোরস্থান পাড়া মাদ্রাসা জামে মসজিদের ইমাম মুখলেসুর রহমান, মেহেরপুর জেলা মডেল মসজিদের ইমাম মুফতি সাদিকুর রহমান,সহ-সম্পাদক পিয়াদাপাড়া জামে মসজিদের ইমাম মুফতি নুরুল ইসলাম, থানা জামে মসজিদের ইমাম মুফতি আব্দুল আল মামুন, কোষাধক্ষ বাইতুল আতিক জামে মসজিদের ইমাম মোঃ খলিলুর রহমান, সাংগঠনিক সম্পদ আনসার ও ভিডিপি জামে মসজিদের ইমাম সাব্বির হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক বাইতুন নূর জামে মসজিদের ইমাম তারিকুল ইসলাম, প্রচার সম্পাদক নতুন পাড়া জামে মসজিদের ইমাম

আনিসুর রহমান, সহপ্রচার সম্পাদক কালাচাঁদপুর জামে মসজিদের ইমাম মোহাম্মদ আরিফ, দপ্তর সম্পাদক কাথুলী রোড জামে মসজিদের ইমাম মনজুরুল ইসলাম, সহ-দপ্তর সম্পাদক উপজেলা মডেল জামে মসজিদের ইমাম মুফতি মিনারুল ইসলাম, প্রকাশনী সম্পাদক নজরুল ইসলাম সড়ক জামে মসজিদের ইমাম মুফতি মাহবুব আলম, সহকারী প্রচার প্রকাশনী সম্পাদক গোরস্তান পাড়া জামে মসজিদের ইমাম মুফতি রাশেদুল ইসলাম, সমাজ কল্যাণ সম্পাদক ভৈরব জামে মসজিদের ইমাম বজলুর রশিদ, সহকারী সমাজ কল্যাণ সম্পাদক চাঁদপুর নতুন মসজিদের ইমাম মাসুদুর রহমান, যাতায়াত সম্পাদক হারুন জামে মসজিদের ইমাম হাফেজ শাহিন কবীর, সহকারী যাতায়াত সম্পাদক পশুর হাট জামে মসজিদের ইমাম মাহমুদ, প্রশিক্ষণ সম্পাদক মুফতি সামিউল, সরকারি সম্পাদক আব্দুল ওয়াহেদ, সাংস্কৃতিক সম্পাদক আবু বক্কর, সরকারি সাংস্কৃতিক সম্পাদক মাহাদি হাসান, মিডিয়া সম্পাদক শরিফুল ইসলাম, সহ-মিডিয়া সম্পাদক মাওলানা খালিদ হাসান, দাওয়াত বিষয়ক সম্পাদক মুফতি মাজহারুল ইসলাম, সহ-দাওয়াত বিষয়ক সম্পাদক মাওঃ ওয়ারেস,নির্বাহী সদস্য মাওলানা আসাদুল্লাহ, মাওলানা মামুন, হাফেজ আব্দুল আজিজ এবং হাফেজ ইমরান।

এছাড়াও ৯ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে। উপদেষ্টারে হলেন মাওলানা শফিকুল ইসলাম, ইয়ারুল ইসলাম, মুফতি হাফিজুর রহমান, মাওলানা শাহ আলম,মল্লিকপাড়া জামে মসজিদের ইমাম হাসানুজ্জামান, হাফেজ আহমাদুল্লাহ, মুফতি মাহবুবুর রহমান, হোসাইন আহমেদ এবং বন্দর জামে মসজিদের ইমাম হাসানুজ্জামান প্রমুখ।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের ক্যারাম প্রতিযোগিতার চ্যাম্পিয়ন তোজাম্মেল- রুপক

জুটি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের প্রতিষ্ঠার ৭ বছর উপলক্ষে ক্যারাম প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে তোজাম্মেল আযম- মতুর্জা ফারুক রুপক জুটি। নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় সিরাজুদ্দোজা পাভেল-শাকিল রেজা জুটিকে পরাজিত করে।

শুক্রবার দিন ব্যাপী মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় ১৬ জন খেলোয়াড় ৮টি দলে বিভক্ত হন লটারির মাধ্যমে। প্রতিযোগীতার প্রথম পর্বে খেলা হয় ৪টি ম্যাচ। চার ম্যাচর বিজয়ী তোজাম্মেল-রুপক, মাসুদ-শাহিন, শাকিল-পাভেল, রাফি-সোমেল জুটি অংশ নেন সেমিফাইনাল পর্বে। সেমিফাইনালে বিজয়ী হয়ে তোজাম্মেল-রুপক জুটি এবং শাকিল-পাভেল জুটি বিজয়ী হয়ে ফাইনাল খেলার সুযোগ লাভ করে।

খেলায় মেহেরপুর অন্যদের মধ্যে ঢাকা মেইলের প্রতিনিধি তোফায়েল ও মাইটিভির গাংনী প্রতিনিধি মাসদ রানা, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বাংলা টিভি প্রতিনিধি আক্তারুজ্জামান ও সাংবাদিক এস এম তারেক, বাসস প্রতিনিধি দিলরুবা ও মেহেরপুর প্রতিদিনের নিজস্ব প্রতিনিধি উবাইদুল্লাহ সাদিক অংশ নেন।

আজ শনিবার প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে চ্যাম্পিয়ন, রানার্স আপ ও অংশগ্রহনকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

কুষ্টিয়া জেলা প্রশাসকের সাথে মৌবনের নির্বাহী পরিচালকের

সৌজন্য সাক্ষাৎ

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন মৌবনের নির্বাহী পরিচালক এবং নারী বাতায়নের সভাপতি সাফিনা আঞ্জুম জনী।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কুষ্টিয়ার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ফুলেল শুভেচ্ছা ও সাফিনা আঞ্জুম জনীর লেখা “ধুপকাঠি” বইটি জেলা প্রশাসকের হাতে তুলে দেন।

সৌজন্য সাক্ষাৎ শেষে ‘মৌবন’ পরিচালিত নারী বাতায়নের কর্মকান্ড নিয়ে ভুয়সী প্রশংসা করেন এবং নারীর অগ্রগামী ভুমিকা পালনের জেলা প্রশাসক সন্তোষ প্রকাশ করেন।

নারী উদ্যোক্তাদের জন্য কাজ করতে হবে বলে জানিয়ে জেলা প্রশাসক বলেন, সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে যুগে যুগে নারীরা বিশেষভাবে অবদান রাখছেন। বিশেষ করে দেশের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে আমাদের নারী সমাজ নিজেদের আত্মনির্ভরশীল করার পাশাপাশি জাতীয়ভাবে অবদান রেখে যাচ্ছেন।

নারী বাতায়নের সভাপতি ও মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনী বলেন, কুষ্টিয়ায় অনেক নারী উদ্যোক্তারা ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। অনেক নারীই নিজেদের ইচ্ছে ও চেষ্টার একাগ্রতায় হয়ে উঠেছে সফল উদ্যোক্তা। কেউবা আবার সেই পথেই হাঁটার স্বপ্ন দেখছেন। যারা সেই স্বপ্নের পথে হাঁটার ইচ্ছে পোষন করছেন তাঁদের সাহস ও সম্মান জানিয়ে তিনি বলেন, ‘নারীরা শুধু তাদের নিজেদের চেষ্টা ও আগ্রহে উদ্যোক্তা হয়ে উঠেছেন। অনেক নারী-উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স থাকে না, টিন থাকে না, ব্যাংক হিসাব থাকে না। এজন্য তাদের ব্যবসা ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়নে নজর দেয়া প্রয়োজন।’

তাদের নিয়ে কাজ করতে সম্মিলিতভাবে চেষ্টা চালিয়ে যেতে হবে এবং তাদের এগিয়ে নিতে সাপ্তাহিক (নারী উদ্যোক্তাদের) হলিডে মার্কেট চালু ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন ক্ষেত্রে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিতসহ কুষ্টিয়ার নারী উদ্যোক্তাদের জন্য উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি গঠনে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

গাংনীতে উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচীর উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের গাংনী উপজেলার শিক্ষক ও সুপারভাইজারদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ১০ টার সময় গাংনী মাধ্যমিক পাইলট বিদ্যালয় হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসুচী বাস্তবায়ন করে। মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ মোঃ সুরুজ্জামান।



এসময় বক্তব্য রাখেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, কর্মসুচীর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজার মোঃ আব্দুল করিম।

এ ছাড়াও বর্তমান শিখন কেন্দ্র গুলোর শিখন শেখানো অবস্থা, কেন্দ্রের পড়া লেখার মান যাচাই সহ কেন্দ্রের পরিবেশ ও ছাত্র ছাত্রীর উপস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। গাংনী উপজেলার ৮০ জন শিখন কেন্দ্রের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজারগণ সভায় অংশগ্রহণ করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]